



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, সদর, ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৭৭১০৪৫০, ০২-৯৯৭৭১০৪৪৪,

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

স্মারকনং- ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/৯০

তারিখ : ১৫/০৮/২০২৪ খ্রি.

বিষয়: এসএসসি পরীক্ষা -২০২৪ এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত তারিখে এসএসসি পরীক্ষা-২০২৪ এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট কেন্দ্রভিত্তিক বোর্ডের ২নং ভবনের (খাগডহর বাজার) পরীক্ষা শাখা (২য় তলা) হতে বিতরণ করা হবে। বর্ণিত তারিখে আপনি অথবা আপনার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির (একজন শিক্ষককে) স্বাক্ষর সত্যায়নের মাধ্যমে পরীক্ষা শাখা হতে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(উল্লেখ্য যে কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানের পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখপূর্বক তালিকা সাথে আনতে হবে)

ক্রমিক নং	জেলা নাম	মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণের তারিখ ও সময়	মন্তব্য
১	জামালপুর ও শেরপুর	১৮/০৮/২৪, বেলা ১১.৩০ টা হতে বিকাল ৪টা পর্যন্ত	
২	ময়মনসিংহ ও নেত্রকোণা	১৯/০৮/২৪, সকাল ১০টা হতে বিকাল ৪টা পর্যন্ত	

বিষয়টি অতীব জরুরি।

বিঃদ্র:

১. জিপিএ উন্নয়ন এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণ করার ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে পূর্বের সনদ জমা দিতে হবে (কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে বোর্ডে পাঠানো যাবে না)।
২. কোন অবস্থাতেই মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের ক্ষেত্রে চতুর্থ শ্রেণির কর্মচারীকে প্রতিনিধি হিসেবে ক্ষমতা প্রদান করা যাবে না।
৩. মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের ক্ষেত্রে পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষর ও সংখ্যা সঠিক আছে কিনা তা গণনা করে নিতে হবে।
৪. প্রত্যেক কেন্দ্র বোর্ড থেকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণ করার তারিখ থেকে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ করবে এবং মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জনিত কোন সমস্যা থাকলে তা বোর্ডকে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে অবহিত করতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা হবে না।

প্রাপক: ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কেন্দ্রসচিব

এসএসসি পরীক্ষা - ২০২৪ খ্রিঃ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(প্রফেসর মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোনঃ ০২-৯৯৭৭১০৪৪৪

E-mail: conbisemym@gmail.com